

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[মূসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-৩৯/মূসক/২০১৩ তারিখঃ ২৭ শ্রাবণ, ১৪২০ বঙ্গাব্দ/১১ আগস্ট, ২০১৩ খ্রিস্টাব্দ।

যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটর কোম্পানিসমূহের অনুকূলে ওজি লাইসেন্স ইস্যু বা নবায়ন ফি বা রয়্যালটি বাবদ ধার্যকৃত বা নির্দিষ্টকৃত অর্থের উপর মূল্য সংযোজন কর আরোপের জন্য ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে নিউরূপ শর্ত সাপেক্ষে ৩এ লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ নির্ধারিত বা ধার্যকৃত অর্থের ৩৩.৩৩ (তেরিশ দশমিক তিন তিন) শতাংশ অর্থকে উহার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর বা প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আরোপের নিমিত্তে ট্যারিফ মূল্য নির্ধারণ করিল, যথা:-

শর্ত :

- (১) আলোচ্য ট্যারিফ মূল্য কেবল মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণের জন্য নির্ধারিত মূল্য, এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ অনুযায়ী এই ক্ষেত্রে কোন উপকরণ কর রেয়াত প্রযোজ্য হইবে না; এবং
- (২) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর, যে কোনো সময় উক্ত ট্যারিফ মূল্য পরিবর্তন কিংবা রহিত করিতে পারিবে।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের ২ জ্যৈষ্ঠ, ১৪২০ মোতাবেক ১৬ মে, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-২১/মূসক/২০১৩ এতদ্বারা রহিত করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

প্রাপক : উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

[আদেশটি গেজেট আকারে মুদ্রণপূর্বক ১০০০ (এক হাজার) কপি জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।]

স্বাক্ষরিত ১১/০৮/২০১৩

[মোঃ শওকাত হোসেন]

প্রথম সচিব (মূসক নীতি)

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৯.০০৪.১২/

তারিখঃ ১১/০৮/২০১৩ খ্রিঃ।

(ক) *অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :*

- ১। বাংলাদেশ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ৩। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও মূসক), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/
সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৬-২০। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/ মংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর।
- ২১-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ২৩। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ২৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যাৰ্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ২৫। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৬। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৭। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৯। দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩০-৩১। প্রেসিডেন্ট/মহাসচিব, AMTOB, ল্যান্ড ভিউ টাওয়ার (১৩ তলা), গুলশান, ঢাকা-১২১২।
- ৩২-৩৭। ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীনফোন লিমিটেড, জিপি হাউস, বসুন্ধরা, বারিধারা, ঢাকা/ওরাস্কম টেলিকম বাংলাদেশ লিমিটেড, টাইগারস ডেন, বাড়ী নং-৪, বীর উত্তম মীর শওকত সড়ক, গুলশান, ঢাকা/রবি অজিয়েটা লিমিটেড, ৫৩, গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা/এয়ারটেল বাংলাদেশ লিমিটেড, ১৯/এ, বনানী, ঢাকা/টেলিটক বাংলাদেশ লিঃ, হাউস নং-৪১, রোড নং-২৭, বগুকা-এ, বনানী, ঢাকা-১২১৩/প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিঃ, প্যাসিফিক সেন্টার, নীচ তলা, ১৪ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
- ৩৮-৩৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (মূসক/শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪০-৪১। অফিস কপি/গার্ড নথি, মূসক আইন ও বিধি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(খ) *অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও তাঁর সংস্থাত্ত্বক সদস্যগণের মধ্যে বিতরণের জন্য :*

- ০১। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)